সহজ (ফার্সী-বাংলা)

নাহুবেমীর

ঝুমালি, খুলনা ও মিয়াতে আমেলা মানিয়ুম সংযোজিত

ই'লমে নাহু ও প্রাসঙ্গিক আলোচনা

ই'লমে নাহুর গুরুত্ব ও বৈশিষ্ট ঃ মহান আল্লাহ মানব জাতিকে সৃজন করে তার মনের ভাব ব্যক্ত করার জন্যে দিয়েছেন ভাষা। বলা হয়েছে- خَلَقَ الْإِنْسَانَ وَعَلَّمَهُ الْبَيَانَ বলার অপেক্ষা রাখেনা যে, বিশ্বে যতসব ভাষা আছে তার মধ্যে আরবী ভাষার মান সর্বোর্ধ্বে। এ ভাষাটি অতি স্বল্প পরিসরে অর্থ ও প্রকাশের ক্ষেত্রে অতি ব্যাপকতা সম্পন্ন। সামান্যতম অবস্থার পরিবর্তনে ভিন্ন ভিন্ন শব্দ দ্বারা তা প্রকাশ করার জন্যে বিশাল শব্দ ভান্ডার রয়েছে এর। মাধুর্যতা, ব্যাপকতা ও স্বয়ং সম্পূর্ণতা ইত্যাদি স্বাতন্ত্রিক বৈশিষ্ট্যের বিচারে এ ভাষা নজীর বিহীন।

রাসূল সা. স্বয়ং এ ভাষাকে মহব্বত করতে বলেছেন তাঁর উম্মতকে। বিশেষ করে মুসলিম জাতির প্রাণপ্রিয় ধর্ম ইসলামের ভিত্তি গ্রন্থ তথা কুরআন সুন্নাহ রচিত ও এ ভাষায়।

অতএব এ ভাষা শিক্ষা করার গুরুত্ব ও আগ্রহ সবার হৃদয়পটে থাকাই স্বাভাবিক। ভাষা শিক্ষা নির্ভর করে উক্ত ভাষার ব্যাকরণ শাস্ত্রের উপর। আর আরবী ভাষার ব্যাকরণ শাস্ত্র হল "নাহু" ও "ছরফ"। তাইতো কথিত আছে- اَلنَّحْوُ اَبُو الْعِلْمِ وَالصَّرْفُ اُمُّهَا

(ছরফ হল জ্ঞানের মাতা আর নাহু হল তার পিতা)।

মিফতাহুস সাআ'দাহ গ্রন্থকার ই'লমে নাহু শিক্ষা করাকে ফরযে কেফায়া আখ্যায়িত করেছেন। উপরোক্ত কারণসমূহের বিবেচনায় বলা যায় যে, ই'লমে নাহুর গুরুত্ব ও বৈশিষ্ট্য অপরিসীম।

নাহবেমীর পরিচিতি ঃ নাহবেমীর কিতাবটি ফার্সী ভাষায় লিখিত নাহু শাস্ত্রের এক বেনজীর কিতাব। এর ভাষা সংক্ষিপ্ত, তবে অর্থ ও মর্ম অতি ব্যাপক। কিতাবটি সহজ বোধ্য, সংক্ষিপ্তাকারে ব্যাপক অর্থ সম্পন্ন এবং উপস্থাপনের ক্ষেত্রে চমৎকার পদ্ধতি অবলম্বন ইত্যাদি দিক দিয়ে এটা একটা ব্যতিক্রম ধর্মী সংকলন। কিতাবটি আকারে ছোট হলেও নাহুর প্রয়োজনীয় অধিকাংশ বিষয় আলোচিত হয়েছে এতে। এসব বিশেষত্বের কারণেই পাক ভারত উপমহাদেশের প্রায় সকল রাষ্ট্রেই দ্বীনী শিক্ষাগার সমূহের পাঠ্য তালিকায় অন্তর্ভূক্ত রয়েছে শতাব্দির পর শতাব্দি ধরে।

কিতাবটি যেহেতু নাহু শাস্ত্রে লিখিত। আর এর লেখকের উপাধী হল মীর সায়্যেদ শরীফ। একারণে নামের প্রথমাংশ যুক্ত করে "নাহুবেমীর" নামে নাম কৃত হয়েছে এ কিতাবটি।

(ক) نحو শব্দের আভিধানিক অর্থ ঃ نحو শব্দটি বেশ কয়েকটি অর্থে ব্যবহৃত হয়। যেমন- ১। ইচ্ছা বা সংকল্প করা। যথা- نَحَوْتُ هٰذَا আমি এই ইচ্ছে করেছি। ২। দিক, যথা- ذَهَبْتُ نَحْوَ الْبَيْتِ আমি ঘরের দিকে গিয়েছি। ৩। مِثْل বা মত যথা- هٰذَا نَحْوُهُ এটা তার মত, ৪। প্রকার যথা- هٰذَا عَلٰى اَرْبَعَةِ اَنْحَاءٍ এটা চার প্রকার, ৫। পথ, যথা- هٰذَا النَّحْوُ السَّوِىُّ এটা সোজা পথ, ৬। فَصَاحَتْ তথা কথার স্পষ্টতা বা মাধুর্যতা, যথা مَا اَحْسَنَ نَحْوَكَ فِى الْكَلَامِ কি সুন্দর মাধুর্যতা তোমার কথায়, ৭। ঘুরান, যথা- نَحَوْتُ بَصَرِىْ اِلَيْهِ আমি তার প্রতি দৃষ্টি ফিরিয়েছি।

উপরোক্ত অর্থ সমূহ ছাড়াও نحو শব্দটি আরো ছয়টি অর্থে ব্যবহৃত হয়। নিম্নের شعر দ্বয়ে نحو শব্দের অর্থসমূহ গ্রথিত হয়েছে। যথা-

هفت معنى نحو دارد جمله را از من بجو
قَصْد و مِقدار و قَبِيل و نَوْع و شَرْح و شِبْه و سو
نحو را شش معني ديگر ياد ميدار اى شفيق
مَيْل واِعْراض و فَصَاحت، اِعْتِمَاد، صَرْف وطَرِيْق

(খ) نحو علم এর সংজ্ঞা বা পারিভাষিক অর্থ ঃ

هُوَ عِلْمٌ بِاُصُوْلٍ يُعْرَفُ بِهِ اَحْوَالُ اَوَاخِرِ الْكَلِمِ الثَّلٰثِ مِنْ حَيْثُ الْاِعْرَابِ وَالْبِنَاءِ وَكَيْفِيَةُ تَرْكِيْبِ بَعْضِهَا مَعَ بَعْضٍ۔

নাহু ঐ শাস্ত্র কে বলে যার দ্বারা معرب ও مبنى হওয়ার দিক দিয়ে শব্দের শেষ অবস্থা এবং বাক্য গঠন প্রণালী শিক্ষা করা যায়।

(গ) موضوع (আলোচ্য বিষয়) ঃ كلمه ও كلام তথা শব্দ ও বাক্য।

(ঘ) غرض (উদ্দেশ্য) ঃ সহীহ শুদ্ধরূপে আরবী ভাষা লিখতে, পড়তে ও বলতে শেখা।

(ঙ) علم نحو এর উৎপত্তি ঃ বিশিষ্ট তাবেয়ী' হযরত আবূল আস্ওয়াদ দুওয়ায়লী (মৃত্যু ৬৭ হিঃ) হতে বর্ণিত - আমি একদা হযরত আলী রা. এর দরবারে হাজির হলাম তাঁর হাতে একটি ছোট লিখনী এবং তাঁকে অত্যন্ত চিন্তিত দেখলাম। কারণ জিজ্ঞেস করলে তিনি বললেন– মুসলিম সাম্রাজ্যের বিস্তৃতির সাথে সাথে অনারবীদের সংমিশ্রণের ফলে ক্রমান্বয়ে আরবী ভাষার ভাবমূর্তি বিনষ্ট হতে চলছে। অনারবীদের আরবী ভাষা শেখার জন্যেও কোন নিয়ম-নীতি সংকলিত নেই। অথচ বর্তমান তা জরুরী হয়ে পড়েছে। এর সূচনা এভাবে করতে চেয়েছি দেখুন– এই বলে তিনি তা আমাকে দিলেন এবং বললেন- আমি প্রাথমিকভাবে কয়েকটি কথা লিখেছি। আপনি এ ব্যাপারে বিস্তারিত নীতিমালা প্রণয়ন করে এ অভাবটি পূরণের চেষ্টা করবেন আশা রাখি। উক্ত খণ্ডটিতে তিনি লিখেছিলেন–

اَلْكَلَامُ كَلِمَةٌ اِسْمٌ وَ فِعْلٌ وَ حَرْفٌ - فَالْاِسْمُ مَا اَنْبَاَ عَنِ الْمُسَمّٰى وَالْفِعْلُ مَا اُنْبِئَ بِهٖ وَالْحَرْفُ مَا اَفَادَ مَعْنًى -

তাঁর আদেশ অনুযায়ী আমি استفهام ، تعجب، نعت، عطف প্রভৃতি বিষয়ে লিখে–باب انّ পর্যন্ত পৌঁছে তার খিদমতে পেশ করলাম। তিনি দেখে বললেন– لكن এর আলোচনাও এর সাথে সম্পৃক্ত করুন। তাঁর দিকনির্দেশনা ক্রমে আরো অনেক বিষয় কে সংকলিত করে মোটামুটি একটি শাস্ত্রের রূপ দান করে তাঁকে দেখালাম। তিনি আনন্দিত হয়ে বললেন–

مَا اَحْسَنَ هٰذَا النَّحْوَ الَّذِىْ نَحَوْتَ قَدْ نَحَوْتَ (فَلِذَالِكَ سُمِّىَ نَحْوًا)

"আমার সংকল্পিত এবং আপনার সংকলিত এ তরীকা কতইনা চমৎকার হয়েছে।" তাঁর এ উক্তি থেকেই অত্র শাস্ত্রের নাম করণ হয়েছে علم نحو -

এ বর্ণনা মতে علم نحو এর উদ্দোক্তা হযরত আলী রা. এবং সংকলক হলেন হযরত আবুল আসওয়াদ দুওয়ায়লী র.।

অপর এক বর্ণনা মতে علم نحو এর উদ্দোক্তা হলেন হযরত উমর রা. এবং এর কারণ নিম্নরূপ–

হযর উমরের খিলাফত আমলে ইসলামী সাম্রাজ্যের বিস্তৃতির সাথে সাথে বিভিন্ন অনারবী রাষ্ট্র ইসলামের পতাকাতলে আসতে থাকে এবং মানুষ কুরআন সুন্নাহর প্রতি

আকৃষ্ট হতে থাকে। কিন্তু আরবী ভাষার কোন ব্যাকরণ না থাকায় এতে অনেক জটিলতা দেখা দিল।

একদিনের ঘটনা ঃ একদা জনৈক ব্যক্তি একজনকে কুরআন তা'লীম দান কালে إِنَّ اللَّهَ بَرِيءٌ مِّنَ الْمُشْرِكِينَ وَرَسُولُهُ আয়াতের رَسُولُهُ শব্দের لام এর পেশের স্থলে যের পড়াল, যার অর্থ দাঁড়ায় নিশ্চয় আল্লাহ মুশরিক ও স্বীয় রাসূল সা. হতে পৃথক। লোকটি বলল– এমনটি হলে আমিও তার থেকে পৃথক।

অথচ এর মূল অর্থ হলো– আল্লাহ ও তাঁর রসূল মুশরিকদের থেকে পৃথক। এ ঘটনা হযরত উমরের কর্ণগোচর হলে তিনি হযরত আবুল আসওয়াদকে ডাকিয়ে আরবী ভাষা সহীহ শুদ্ধরূপে বলতে, পড়তে ও লিখতে পরার জন্যে বিস্তারিত নীতিমালা প্রণয়নের নির্দেশ দেন। সে মতে তিনি গভীর চিন্তা-ভাবনা ও অধ্যবসার মাধ্যমে অতি সুচারুরূপে অত্র কাজ আঞ্জাম দেন এবং نحو নামে একটি শাস্ত্রের রূপ দান করেন। (এ বর্ণনা মতেও হযরত আবুল আসওয়াদই এর সংকলক।

কারো মতে এর মূল সংকলক আব্দুর রহমান ইবনে হুরমুজ। কারো মতে নসর ইবনে আ'সিম। তবে প্রথম মতটি অধিক নির্ভরযোগ্য। আর পরবর্তী দুজন আবুল আসওয়াদ র. এরই শিষ্য।

লেখকের সংক্ষিপ্ত জীবনালেখ্য

নাম ও বংশ ঃ অত্র কিতাবের মুসান্নিফ র. এর নাম আলী। কুনিয়াত (ডাকনাম) আবুল হাসান বা আবুল হুসাইন। উপাধী জয়নুদ্দীন বা সায়্যেদ শরীফ। পিতার নাম মুহাম্মাদ, দাদার নাম আলী।

জন্ম ঃ খযর নদীর তীরে অবস্থিত জুরজান প্রদেশের উস্তারাবাদ এলাকার নিকটবর্তী একটি গ্রামের নাম তাউ। অত্র "তাউ" নামক গ্রামে ৭৪০ হিঃ সনের ২২শে শা'বান মোতাবেক ১৩১৪ ঈসায়ী সনে তিনি জন্ম গ্রহণ করেন। জুরজানের সায়্যেদ বংশে জন্ম গ্রহণের ফলে তিনি মীর সায়্যেদ শরীফ হিসেবে পরিচিত। আর মীর শব্দের পূর্বে نحو শব্দ যুক্ত করে এ কিতাবটির নামকরণ হয়েছে "নাহবেমীর"।

শিক্ষা জীবন ঃ লেখক র. স্বীয় জন্মভূমিতে প্রাথমিক শিক্ষালাভ করেন। বিভিন্ন প্রকারের শাস্ত্রে দক্ষতা লাভের পর মানতিক, ফাল্‌সাফা ইত্যাদিতে অসাধারণ জ্ঞানার্জন করেন। মিফতাহুল উলূম কিতাবটি তিনি তাঁর মুসান্নিফ নূরুত্তাউসী র. এর নিকট অধ্যয়ন করেন। ইলমের নেশায় তিনি হেরাত, মিশরসহ বিভিন্ন স্থানে সফর করেন। অসাধারণ মেধার অধিকারী ছিলেন তিনি।এর কারণে سَيِّدُ الْاَذْكِيَاء উপাধীতে ভূষিত ছিলেন তিনি।

ইলমে বাতেনী অর্জন ঃ ইল্‌মে যাহিরের সাথে সাথে ইলমে বাতিনীর প্রতিও বেশ আকৃষ্ট ছিলেন তিনি। খাজা আলাউদ্দীন মুহাম্মদ ইবনে আত্তার বুখারী র. এর বিশিষ্ট খলীফা খাজা বাহাউদ্দীন নকশ বন্দীর নিকট হতে ইলমে বাতিনী লাভ করেন। তিনি প্রায়ই বলতেন– আমি খাজা আতা র. এর সাহচর্য্যে যাওয়ার পূর্বে আল্লাহকে যথাযথ রূপে চিনতে পারিনি।

অধ্যাপনা ঃ মীর সায়্যেদ শরীফ র. শিক্ষা জীবন শেষ করে রোম গমন করেন। সেখানে কিছুদিন অবস্থানের পর শীরাজ গমন করে সেখানেই বসবাস শুরু করেন এবং ইলমে দীনের প্রচার ও প্রসার কল্পে তা'লীমের কার্যে নিয়োজিত হন। তাঁর অসাধারণ দক্ষতা ও অভিজ্ঞতা অতি অল্প দিনে খ্যাতি লাভ করে। একারণে বিভিন্ন স্থান হতে অসংখ্য ইলম পিপাষুরা এসে তাঁর নিকট ভীড় জমাতে থাকে। ছাত্রদের অনুরোধ ও সুবিধার্থে তিনি বেশ কিছু কিতাবের হাশিয়া (টিকা-টিপ্পনী) ও শরাহ লিখেন। কিছু দিন পর বাদশা শুজা'র অনুরোধে প্রসিদ্ধ বিদ্যাপীঠ দারুল ফাশায় অধ্যাপনার কাজে নিয়োজিত হন। প্রায় বিশ বৎসর কাল অত্র কার্যে মগ্ন থাকেন। অতঃপর বাদশাহ তৈমুর লং ৭৮৯ হিজরীতে শীরাজ আক্রমন করেন। জনৈক মন্ত্রীর অনুরোধে তিনি সায়্যেদ শরীফকে নিরাপত্তা দেন এবং পরে তাঁকে স্বীয় রাজধানী সমরকন্দ নিয়ে যান। সমরকন্দে আল্লামা তাফতাযানী র. এর সাথে বাদশাহ তৈমুরের দরবারে অবস্থান করেন।

মৃত্যু ঃ বাদশাহ তৈমুরের মৃত্যুর পর তিনি শীরাজ গমন করেন। জীবনের শেষ লগ্ন পর্যন্ত সেখানেই তা'লীম ও তাদ্‌রীসের কাজে বাকী জীবন কাটিয়ে দেন।

পরিশেষে অসংখ্য শিষ্য ও ভক্তবৃন্দ রেখে ৮১৬ সনের ৬ই রবিউল আউয়াল বুধবারে পরম প্রভুর ডাকে সাড়া দেন এবং শীরাজ নগরে সমাহিত হন।

ইন্তিকালের সময় তার বয়স হয়েছিল ৭৫ বৎসর ৭ মাস ১৪ দিন।

রচনাবলী ঃ মীর সায়্যেদ শরীফ র. এর নিজস্ব রচনাবলীর ব্যাপারে আলিম গণের মধ্যে মতনৈক্য আছে। মোটামুটি ভাবে তার রচনাবলী নিম্নরূপ–

১। তরজমায়ে কুরআন (ফার্সী ভাষায় সর্ব প্রথম অনূদীত)

২। হাশিয়ায়ে তাফ্সীরে বায়যাভী।

৩। হাশিয়ায়ে কাশ্শাফ।

৪। খুলাসাতুত ত্বীবী।

৫। আর রিসালা ফী উসূলিল হাদীস।

৬। শরহে সিরাজিয়া।

৭। ছুগরা।

৮। কুবরা।

৯। সরফে মীর।

১০। নাহবেমীর, ইত্যাদী।

সূচিপত্র

বিষয় ঃ পৃষ্ঠা

১ম পাঠ– শব্দের প্রকারভেদ ১২
২য় পাঠ– مركب এর প্রকারভেদ ১৩
৩য় পাঠ– مركب غير مفيد প্রসঙ্গ ১৭
৪র্থ পাঠ– বাক্য গঠন প্রণালী ২০
৫ম পাঠ– اسم، فعل ও حرف আলামত ২০
৬ষ্ঠ পাঠ– مبنى ، معرب প্রসঙ্গ ২২
৭ম পাঠ– مبنى ، معرب এর প্রকারভেদ ২৩
৮ম পাঠ– اسم غير متمكن এর প্রকারভেদ ২৪
৯ম পাঠ– বিভিন্ন দৃষ্টিকোণে اسم এর প্রকারভেদ ২৯
১০ম মাঠ– اسم معرب এর اعراب প্রসঙ্গ ৩৩
১১শ পাঠ– فعل مضارع এর اعراب প্রসঙ্গ ৩৮

প্রথম অধ্যায় – فعل সমূহের আলোচনা

প্রথম পাঠ– حروف عامله এর বর্ণনা ৪০
২য় পাঠ– فعل مضارع এর মধ্যে আমলকারী হরফ ৪৫

দ্বিতীয় অধ্যায় –فعل সমূহের আমল প্রসঙ্গ

১ম পাঠ– مفعول ، فاعل ইত্যাদির সংজ্ঞা ৫০
২য় পাঠ– فاعل এর প্রকারভেদ ৫৪
৩য় পাঠ– فعل متعدى এর প্রকারভেদ ৫৫
৪র্থ পাঠ– افعال ناقصه প্রসঙ্গ ৫৬
৫ম পাঠ– افعال مقاربه প্রসঙ্গ ৫৭
৬ষ্ঠ পাঠ– افعال مدح وذم প্রসঙ্গ ৫৮
৭ম পাঠ– افعال تعجب প্রসঙ্গ ৫৯

তৃতীয় অধ্যায় اسمائے عامله প্রসঙ্গ

১ম প্রকার اسمائے شرطيه প্রসঙ্গ ৬১
২য় ও ৩য় প্রকার اسمائے افعال প্রসঙ্গ ৬২
৪র্থ প্রকার اسم فاعل প্রসঙ্গ ৬২
৫ম প্রকার اسم مفعول প্রসঙ্গ ৬৫
৬ষ্ঠ প্রকার صفت مشبه প্রসঙ্গ ৬৬
৭ম প্রকার اسم تفضيل প্রসঙ্গ ৬৭
৮ম প্রকার اسم مصدر প্রসঙ্গ ৬৮
১০ম প্রকা اسم مضاف প্রসঙ্গ ৬৮
১১শ প্রকার اسم تام প্রসঙ্গ ৬৯
عوامل معنوى প্রসঙ্গ ৭২

পরিশিষ্ট

১ম পাঠ توابع প্রসঙ্গ ৭৩
২য় পাঠ غير منصرف ও منصرف প্রসঙ্গ ৭৯
৩য় পাঠ حروف غيرعامله প্রসঙ্গ ৮১
مستثنى প্রসঙ্গ ৮৫
خلاصه (নাহবেমীরের সারসংক্ষেপ) ৯১
جمل (বাক্যে প্রকারভেদ প্রসঙ্গ) جمل এর তারকীব ৯৯
مائة عامل منظوم ১০৭

بسم الله الرحمن الرحيم

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى خَيْرِ خَلْقِهٖ مُحَمَّدٍ وَّاٰلِهٖ اَجْمَعِيْنَ

اَمَّا بعد بِداں اَرْشَدَكَ اللّٰهُ تَعَالٰى كه ايں مُخْتَصَرِيست مَضْبوط در علمِ نحو كه مُبْتَدِىْ را بعدَ از حِفظِ مُفرداتِ لُغتْ ومَعرفَتِ اِشْتِقاق وضَبْطِ مُهِمَّاتِ تَصْريف بآسانى بَكَيْفيتِ تركيبِ عَرَبِىْ راه نُمايدْ وبزُودى در معرفتِ اِعرابْ وبِنا وسَواد خواندن تُوانائى دِهد بِتَوْفِيْقِ اللّٰهِ تَعَالٰى وَعَوْنِهٖ -

---

পরম করুণাময় দয়ালু আল্লাহ্‌র নামে শুরু করছি।

সর্ববিধ প্রশংসা মহান আল্লাহর, যিনি সমগ্র জগতের প্রতিপালক। পরকালের কল্যাণ খোদাভীরুদের জন্যে। অসংখ্য রহমত ও শান্তি বর্ষিত হোক তাঁর সৃষ্টি কূলের শ্রেষ্ঠ হযরত মুহাম্মাদ সা. এবং তাঁর পরিবার বর্গের উপর।*

হাম্‌দ ও সালাতান্তে আল্লাহ তোমাকে সঠিক পথ প্রদর্শন করুন! **

উল্লেখ্য যে, বক্ষমান এ পুস্তিকাটি নাহু শাস্ত্রে লিখিত একটি সংক্ষিপ্ত কিতাব। (আরবী ভাষা শিক্ষার্থী) প্রাথমিক ছাত্রকে আরবী একক শব্দাবলী মুখস্থ, শব্দ গঠন প্রণালীর পরিচয় (জ্ঞানার্জন) ও ইলমে ছরফের গুরুত্ব পূর্ণ বিষয়াদি মুখস্থ করার পর অতি সহজে আরবী বাক্য গঠন পদ্ধতির পথ প্রদর্শন করবে এবং দ্রুত مُعْرَبْ ও مَبْنِىْ এর পরিচয় এবং আল্লাহ তা'আলার তাওফীক ও অনুগ্রহে আরবী ইবারত পড়ার ও ক্ষমতা যুগাবে।

টীকা ঃ * ইসলাম আল্লাহর মনোনীত ধর্ম। সর্বকাজে আল্লাহকে স্মরণের শিক্ষা দিয়েছে ইসলামে। নবীজী সা. ইরশাদ করেছেন- كُلُّ اَمْرٍ ذِىْ بَالٍ لَمْ يُبْدَاْ بِاسْمِ اللّٰهِ فَهُوَ اَقْطَعُ "গুরুত্বপূর্ণ যে কোন কাজ আল্লাহর নাম ছাড়া শুরু করলে তা বরকত শূণ্য হয়"। হাম্‌দ সম্পর্কেও এজাতীয় আরেকটি হাদীস আছে। এ কারণে মুসান্নিফ র. হাদীসের উপর আমল ও বুযর্গানে দ্বীনের অনুকরণে স্বীয় কিতাব কে বিসমিল্লাহ ও আলহামদু দ্বারা শুরু করেছেন এবং যার মাধ্যমে মানুষ আল্লাহর পরিচয় পেল, তাঁকে ও স্মরণ করা মানবিকভাবে জরুরী বটে। তাই মুসান্নিফ র. দরুদ ও সালাম এর মাধ্যমে তাঁকেও স্মরণ করেছেন সূচনাতে।

** দোয়ার অংশটি جملهٔ معترضه-কেননা আগে পরের সাথে এর কোন সম্পর্ক নেই। আরবীতে দোয়া কবুল হওয়ার সম্ভাবনা বেশী। তাছারা কোরান হাদিসের দোয়ার সাথে ও মিল হয় এ কারণে সম্ভবতঃ মুসান্নিফ (রহঃ) উহা আরবীতে উল্লেখ করেছেন। তদরূপ দোয়া কবুল হওয়ার ব্যাপারে অধিক আস্থাশীল হওয়ায় ارشد কে ماضى ছিগারূপে উল্লেখ করেছেন।

فصل بدانکه لفظ مُسْتَعْمَلْ در سُخنِ عَرَبْ بر دوقسم ست مُفرَدومُرکّبْ.مُفرد لفظی باشد تنها که دَلالت کُند بریك معنیٰ وآن را کَلِمه گویند وکَلِمه برسه قِسم است اِسم چوں رَجُلٌ وفعل چوں ضَرَبَ وحرف چوں هَلْ چُنانکه در تصریف مَعلوم شده است امّا مُرکّب لفظی باشد که از دو کلمه یابیشتر حاصل شده باشد-

প্রথম পাঠ - [শব্দের প্রকারভেদ]

আরবী ভাষায় ব্যবহৃত শব্দ দু প্রকার। مُفْرَدْ (একক) ও مُرَكَّبْ (যৌগিক)

مُفْرَدْ এর সংজ্ঞা ঃ مُفْرَدْ ঐ একক শব্দকে বলে যা এক অর্থ বুঝায়। مُفْرَدْ এর অপর নাম كَلِمَهْ *

كَلِمَهْ এর প্রকারভেদ ঃ كلمه তিন প্রকার ১। اسم যথা رَجُلٌ ২। فعل যথা ضَرَبَ ৩। حرف যথা هَلْ **

مركب এর আলোচনা ঃ সংজ্ঞা ঃ مركب ঐ শব্দকে বলে যা দুই বা দুয়ের অধিক শব্দের সমন্বয়ে গঠিত।

টীকা ঃ * مفرد শব্দটি فرد শব্দ হতে উদ্‌গত অর্থ একক। مفرد এর বিপরীতে আসে مركب তথা যৌগিক। এ হিসেবে عَبْدُ اللّٰهِ বা এজাতীয় শব্দ وضع اول তথা প্রথম গঠণের দিক দিয়ে مركب-কিন্তু وضع ثانى তথা শব্দ দু'টির দ্বারা এক ব্যক্তির নাম রাখার দিকে দিয়ে مفرد -

مفرد শব্দটি ৭টি বস্তুর বিপরীতে আসে- যথা- ১। جمع ২। تثنية ৩। مضاف ৪। شبه جمله ৫। مضاف ৬। جمله ৭। شبه جمله ও مطلق مركب (বা যৌগিক) এখানে শেষোক্তটিই উদ্দেশ্য অর্থাৎ مفرد ঐ শব্দ যা একাধিক শব্দের দ্বারা গঠিত নয়) সুতরাং قَائِمَةٌ , بَصَرِيٌّ ইত্যাদিও مركب কেননা ة, ت স্ত্রী লিঙ্গ বুঝায় এবং قَائِمٌ - صفت قِيَامٌ বুঝায় তদরূপ بَصْرَةٌ এবং ى ভিন্ন ভিন্ন অর্থ বুঝায়। তবে تشديد اتصال এর কারণে এক শব্দের ন্যায় اعراب দেয়া হয়।

** اسم ঐ শব্দকে বলে যা পূর্ণ অর্থ বুঝায় এবং তার মধ্যে কোন কাল পাওয়া যায় না। যথা- زَيْدٌ - فعل ঐ শব্দকে বলে যা কোন কালের সাথে সম্বন্ধ রেখে অর্থ প্রকাশ করে। যথা- ضَرَبَ মেরেছে। আর حرف ঐ শব্দকে বলে যা অন্যের সহায়তা ছাড়া নিজ অর্থ প্রকাশ করতে পারে না। যথা- هَلْ কি ? مِنْ হইতে (এ ক্ষেত্রে هَلْ ضَرَبَ বা مِنْ دَارِكَ ইত্যাদি শব্দ বললে মোটামুটি একটা অর্থ বোধগম্য হয়। অন্যথায় বিশেষ কোন অর্থ বুঝে আসেনা।

ومركب بردو گونه است مُفيد وغيرِ مُفيد-مُفيد آست كه چون قائِل برں سُكُوتْ كند سَامِع را خَبرے يا طَلبے معلوم شود آنرا جُمله گويند وكَلامْ نيز ۔ پس جمله بردو قسم ست خبريه وانشائيه ۔ **فصل بدانكه جملهٔ خبريه** آنست كه قائِلَشْ را بَصِدق وكِذب صِفت تُواں كرد وآں بردونوع ست اوّل آنكه جُزوِاَوّلَشْ اسم باشد وآں را جُملهٔ اسميه گويند چوں زَيْدٌ عَالِمٌ يعنى زَيْدْ داناست جُزوِ اَوّلش مُسندِاليه ست وآنرا مُبتدا گويند وجُزوِ دوم مسند ست وآنرا خبر گويند ۔

দ্বিতীয় পাঠ - [مركب এর প্রকারভেদ]

مركب প্রথমতঃ দু প্রকার **مركب مفيد** ও **غير مفيد** - **مركب مفيد** এর সংজ্ঞা ঃ যে বাক্যের বক্তা কথা শেষ করলে শ্রবণকারী তার কথা দ্বারা কোন সংবাদ বা কামনা বুঝতে পারে তাকে **مركب مفيد** বলে। **مركب مفيد** এর অপর নাম **جمله** ও **كلام** - **جمله** তথা **مركب مفيد** দু প্রকার **خبريه** (সংবাদ মূলক) ও **انشائيه** (রচনা মূলক)*

جملهٔ خبريه এর সংজ্ঞা ও প্রকারভেদ ঃ

সংজ্ঞা ঃ যে বাক্যের বক্তাকে সত্য-মিথ্যা গুণে গুণান্বিত করা যায় তাকে **جمله خبريه** বলে। (অপর কথা যার বক্তাকে সত্যবাদী-মিথ্যাবাদী বলা যায় তাকে **جملة خبرية** বলে)

প্রকারভেদ ঃ **جملهٔ خبريه** দু প্রকার **اسميه** ও **فعليه**-

جملهٔ اسمية এর সংজ্ঞা ঃ যে **جمله** এর প্রথম অংশটি **اسم** তাকে **جملهٔ اسميه** বলে। যথা- زَيْدٌ عَالِمٌ (যায়েদ বিদ্বান) এর মধ্যে زَيْدٌ শব্দটি **مسند اليه** - একে **مبتدا** (উদ্দেশ্য) বলে। আর عَالِمٌ শব্দটি **مسند**-একে **خبر** (বিধেয়) বলে। (**مبتدا** ও **خبر** মিলে **جملهٔ اسميه خبريه** গঠিত হয়।)

টীকা ঃ * **اِنشاء** অর্থ সৃষ্টি করা, রচনা করা। এ বাক্যের অর্থটি পূর্বের সাথে কোন সম্বন্ধ রাখে না বরং বক্তা নিজের থেকে বিষয়টির অবতারণা (সৃষ্টি) করে এ জন্যে একে **جمله انشائيه** বলে। আর পূর্বের সাথে সম্পর্ক থাকে না বলেই তার বক্তাকে সত্যবাদী বা মিথ্যাবাদী বলা যায় না। কেননা কথা সত্য-মিথ্যা হওয়ার জন্য পূর্বের সাথে তার সম্পর্ক থাকা জরুরী।

دوم آنکه جزواوّلش فعل باشد وآنرا جملهٔ فعلیه گویند چون ضَرَبَ زَيْدٌ بِزَّدْزید جزواولش مسند ست وآنرا فعل گویند وجزو دوم مسند الیه ست وآنرا فاعل گویند وبدانکه مسند حکم است ومسند الیه آنچه برٌ وحُکم کنند واسم مسند ومسندالیه تُواند بود وفعل مسند باشد ومسند الیه نتواند بود وحرف نه مسند باشد نه مسند الیه بدانکه جملهٔ انشائیه آنست که قائلش رابصدق وکذب صفت نتواں کرد وآں بر چند قسم ست

جملهٔ فعلیه এর সংজ্ঞা ঃ যে جمله এর প্রথম অংশটি فعل তাকে جملهٔ فعلیة বলে। যথা ضَرَبَ زَيْدٌ (যায়েদ মেরেছে) এর মধ্যে প্রথম অংশ ضَرَبَ এটাকে مسند বলে। আর দ্বিতীয় অংশটি زَيْدٌ (مسند الیه) এটাকে فاعل বলে।

مسند ও مسند الیه এর পরিচয় ঃ কারো ব্যাপারে যে বিষয়ের সম্বন্ধ করা হয় উক্ত বিষয়কে مسند আর যার সাথে সম্বন্ধ করা হয় তাকে مسند الیه বলে। اسم - مسند ও مسند الیه উভয় হতে পারে। যথা زَيْدٌ عَالِمٌ এর মধ্যে উভয়টি اسم-প্রথমটি مسند الیه আর দ্বিতীয়টি مسند - فعل শুধু مسند হয় مسند الیه হতে পারে না। আর حرف - مسند ও مسند الیه কোনটি হতে পারে না।*

جملهٔ انشائیه এর সংজ্ঞা ও প্রকারভেদ ঃ

সংজ্ঞা ঃ যে বাক্যের বক্তাকে সত্য-মিথ্যা গুণে গুণান্বিত করা যায় না। (অপর কথায় যে বাক্যের বক্তাকে সত্যবাদী বা মিথ্যাবাদী বলা যায় বলে) جملهٔ انشائیه বলে।

প্রকারভেদ ঃ جملهٔ انشائیه কয়েক প্রকার। যথা-

টীকা * বাক্য পূর্ণ হওয়ার জন্যে مسند ও مسند الیه পাওয়া যাওয়া জরুরী, এ কারণে দু'টি اسم দ্বারা বাক্য হতে পারে যার মধ্যে একটি হবে مسند الیه ও অপরটি হবে مسند-কিন্তু فعل যেহেতু مسند الیه হতে পারেনা একারণে দু'টি فعل দ্বারা বাক্য হতে পারে না। কমপক্ষে একটি فعل এবং একটি اسم হতে হবে। حرف যেহেতু مسند ও مسند الیه কোনটি হতে পারে না একারণে এ দু'টি حرف বা একটি اسم একটি حرف অথবা একটি فعل ও একটি حرف দ্বারা ও বাক্য গঠিত হয়না। সুতরাং বাক্যের জন্যে اسم + اسم বা اسم + فعل জরুরী।বাকী فعل + فعل বা حرف + حرف, اسم + حرف, فعل + حرف অত্র চার ছুরতে বাক্য হয় না।

امر چوں اِضْرِبْ ونهی چوں لَاتَضْرِبْ واستفهام چوں هَلْ ضَرَبَ زَيْدٌ وتمنّی چوں لَيْتَ زَيْدًا حَاضِرٌ وترجّی چوں لَعَلَّ عَمْرًا غَائِبٌ وعُقود چوں بِعْتُ واِشْتَرَيْتُ ونِدا چوں يَا اللّٰهُ وعرض چوں اَلَاتَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا وقسم چوں وَاللّٰهِ لَاَضْرِبَنَّ زَيْدًا وتعجب چوں مَااَحْسَنَهٗ وَاَحْسِنْ بِهٖ

১। امر (আদেশ সূচক)। যথা- اِضْرِبْ (মার) ২। نهی (নিষেধাজ্ঞা সূচক) যথা لَا تَضْرِبْ (মেরোনা) ৩। اِستفهام (জিজ্ঞাসা বোধক) যথা- هَلْ ضَرَبَ زَيْدٌ (যায়েদ কি মেরেছে?) ৪। تمنی (আকাংখা সূচক) যথা- لَيْتَ زَيْدًا حَاضِرٌ (হায়! যদি যায়েদ উপস্থিত থাকত) ৫। ترجّی (আশাব্যঞ্জক) যথা- لَعَلَّ عَمْرًوا غَائِبٌ (সম্ভবত ঃ আমর অনুপস্থিত) ৬। عقود (চুক্তি-বন্ধন) যথা- بِعْتُ وَاِشْتَرَيْتُ (একজন বলল "আমি বিক্রি করলাম" অন্যজন বলল-"আমি ক্রয় করলাম") ৭। نداء (ডাক, আহ্বান) যথা- يَااَللّٰهُ (হে আল্লাহ!) ৮। عَرض (অনুরোধ) যথা- اَلَا تَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا (তুমি আমাদের নিকট আসনা কেন? আস্‌লে লাভবান হবে) ৯। قسم (শপথ) যথা- وَاللّٰهِ لَاَضْرِبَنَّ زَيْدًا (আল্লাহর শপথ! অবশ্যই আমি তোমাকে মারব) ১০। تعجب (বিস্ময় প্রকাশ) যথা- مَآ اَحْسَنَهٗ وَاَحْسِنْ بِهٖ -* (কি চমৎকার সে! কি সুন্দর হে!)

টীকা ঃ * جملهٔ انشائیه সর্বমোট ১৪ প্রকার। উপরোক্ত ১০টি। আর বাকী ৪টি হলো- مدح (প্রশংসা সূচক) যথা- نِعْمَ الرَّجُلُ زَيْدٌ (যায়েদ বেশ ভাল লোক) ২। ذم (নিন্দা জ্ঞাপক) যথা- بِئْسَ الرَّجُلُ زَيْدٌ (যায়েদ খুব খারাপ লোক। ৩। دعا যথা- جَزَاكَ اللّٰهُ خَيْرًا (আল্লাহ্ তোমাকে উত্তম প্রতিদান দান করুন। ৪। افعالِ مُقارَبه (নিকটবর্তী জ্ঞাপক) যথা- عَسٰى زَيْدٌ اَنْ يَّخْرُجَ (যায়েদের বের হওয়া নিকটবর্তী)

তারকীব ঃ جمله فعليه انشائيه - فعل اِضْرِبْ - এর মধ্যে اَنْتَ - ضمير - فاعل - فعل ও فاعل فعل মিলে لَا تَضْرِبْ এর মধ্যেও একই তারকীব।

فاعل ও فعل مِلে جمله فعليه انشائيه - فاعل - زَيْدٌ - فعل - ضَرَبَ - حرف استفهام - هَلْ - هَلْ ضَرَبَ زَيْدٌ

حرف مشبه بفعل, لَيْتَ زَيْدًا তার اسم এবং حاضر - خبر, حرف مشبه, لَيْتَ زَيْدًا حَاضِرٌ এর ترکیب হুবহু উপরের جملهٔ اسميه انشائيه - لَعَلَّ عَمْرًوا غَائِبٌ তার اسم ও خبر মিলে بفعل নিয়মে হবে।

(বাকী তারকীব পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)

(পূর্বের বাকী অংশ)

بِعْتُ وَاشْتَرَيْتُ - بِعْتُ - فعل ,تُ যমীরটি فاعل , فعل ও فاعل মিলে جمله فعليه হয়ে معطوف ও معطوف , معطوف মিলে فاعل ও فعل - اِشْتَرَيْتُ - حرف عطف - و - معطوف عليه - جمله عقوديهٔ انشائيه মিলে عليه

يَااَللّٰهُ - يَا , حرف ندا টি اَدْعُوْ এর অর্থে। اَدْعُوْ , فعل , اَنَا ضمير উহার মধ্যে লুকায়িত এর فاعل , فعل ও فاعل মিলে ندا - اَللّٰهُ শব্দটি منادى - نداء ও منادى মিলে جملهٔ ندائيه انشائيه

اَلَاتَنْزِلُ بِنَا فَتُصِيْبَ خَيْرًا -এর মধ্যে فَتُصِيْبَ এর فاء টি حرف عطف - এর পূর্বের অংশটি معطوف عليه-এর শুরুতে همزهٔ استفهام আসার কারণে এটা انشائيه - আর ف এর পরের অংশটি معطوف ও خبر - نحو শাস্ত্রের কায়দা অনুযায়ী جملهٔ خبريه কে جملهٔ انشائيه এর উপর عطف করা সহীহ নয়। এ কারণে তারকীবের ক্ষেত্রে বাক্যের অর্থ ঠিক রেখে রূপ পরিবর্তন করতে হবে। সে হিসেবে এটাকে নিম্নোক্ত عبارت বানিয়ে تركيب করতে হবে। যথা

اَلَا يَكُوْنُ مِنْكَ نُزُوْلٌ فَاِصَابَةُ خَيْرٍ مِنِّيْ -তারকীব – اَلَا এর মধ্যে همزه টি حرف استفهام আর لَا - نافيه - يَكُوْنُ - فعل ناقص ,مِنْ - حرف جر , كَ - مجرور , جار ও مجرور মিলে ثَابِتًا , شبه فعل محذوف এর সাথে متعلق - ثَابِتًا , شبه فعل তার هو যমীর فاعل ও متعلق মিলে خبر مقدم - نُزُوْلٌ , معطوف عليه - ف , حرف عطف ,اِصَابَةٌ , مضاف , خير , مضاف اليه , مِنْ , حرف جار , ي متكلم , مجرور - جار ও مجرور মিলে اِصَابَةٌ মাসদারের সাথে متعلق - اِصَابَةٌ মাসদার তার مضاف اليه ও متعلق মিলে معطوف - معطوف عليه ও معطوف মিলে يَكُوْنُ এর اسم موخر - يَكُوْنُ - فعل ناقص তার اسم ও خبر মিলে جملهٔ عرضيه انشائيه হল।

উপরোক্ত বাক্যটিকে দু বাক্যে পরিণত করেও তারকীব করা যায়। যথা اَلَا يَكُوْنُ مِنْكَ نُزُوْلٌ فَيَكُوْنُ اِصَابَةُ خَيْرٍ مِنِّيْ তখন فاء عاطفه এর পূর্বে এক বাক্য ও পরে এক বাক্য হবে এবং منك - جار مجرور মিলে ثَابِتًا محذوف এর সাথে متعلق হয়ে يَكُوْنُ এর خبر হবে।

وَاللّٰهِ لَاَضْرِبَنَّ زَيْدًا - واو - حرف قسم টি اقسم এর অর্থে اقسم , فعل , اَنَا যমীর فاعل - اَللّٰهُ শব্দটি مفعول , فعل স্বীয় فاعل ও مفعول মিলে جملهٔ فعليه হয়ে قسم - لَاَضْرِبَنَّ - فعل , اَنَا যমীর فاعل - زَيْدًا - مفعول به , فعل তার فاعل ও مفعول به মিলে جملهٔ فعليه হয়ে جواب قسم - قسم ও جواب قسم মিলে جملهٔ قسميه انشائيه -

مَآ اَحْسَنَهٗ وَاَحْسِنْ بِهٖ - مَآ اَحْسَنَهٗ এর মধ্যে ما শব্দটি ইমাম فراء এর মতে اسم موصول এর অর্থে। সুতরাং اى ,مضاف ও شى ,مضاف اليه মিলে مبتدا , احسن , فعل , هو যমীর লুকায়িত فاعل , ه যমীর مفعول به , فعل , فاعل ও مفعول به মিলে جملهٔ فعليه হয়ে خبر - مبتدا ও خبر মিলে جملهٔ اسميهٔ انشائيه (এর বাকী তারকীব পরে আসবে ইনশা আল্লাহ) اَحْسِنْ بِهٖ , اَحْسِنْ , امر এর ছীগা حَسُنَ এর অর্থে। حَسُنَ , فعل তার هُوَ যমীর فاعل মিলে جملهٔ فعليه انشائيه (এ ক্ষেত্রে ه যমীরের জরুরত না থাকায় বিলুপ্ত হয়ে যাবে।)

فصل بدانکه مرکب غیر مفید آنست که چون قائل برآں سکوت کند سامع را خبرے یا طلبی حاصل نشود وآں برسه قسم ست اول مرکب اضافی چوں غُلَامُ زَيْدٍ جزو اول رامضاف گویند وجزودوم را مضاف الیه ومضاف الیه همیشه مجرور باشد دوم مرکب بنائی و او آنست که دواسم رایکی کرده باشند واسم دوم متضمن حرفی باشد چوں اَحَدَ عَشر تاتِسْعَةَ عَشَرَ که دراصل اَحَدٌ وَعَشَرَ وَتِسْعَةٌ وَعَشَرٌ بوده است و او را حذف کرده هر دو اسم رایکے کردند و هر دو جزومبنی باشد برفتحه اِلَّا اِثْنَا عَشَرَ که جزو اول معرب ست

তৃতীয় পাঠ – [مُرَكَّبِ غير مُفيد এর আলোচনা]

সংজ্ঞা ঃ যে বাক্যের বক্তা কথা বলে শেষ করলে শ্রোতা তার কথা দ্বারা কোন সংবাদ বা কামনা বুঝতে না পারে তাকে مركبِ غيرِ مفيد বলে।

প্রকারভেদ ঃ مركب غير مفيد তিন প্রকার–

(১) مركب اضافى (সম্বন্ধসূচক পদ) যথা– غُلَامُ زَيْدٍ (যায়েদের গোলাম) এর মধ্যে প্রথম অংশটি مضاف আর দ্বিতীয় অংশটি مضاف اليه - সর্বদা مجرور হয় (আর مضاف তার পূর্বের আমেল অনুযায়ী اعراب বিশিষ্ট হয়)

(২) مركب بنائ - যে مركب এর মধ্যে পরস্পর দুটি اسم কে মিলিয়ে এক اسم এ পরিণত করা হয় এবং দ্বিতীয় اسم একটি واو হরফকে লুকায়িত রাখে তাকে مركب بنائ বলে। যথা– اَحَدَ عَشَرَ হতে تِسْعَةَ عَشَرَ পর্যন্ত সংখ্যা সমূহ। এগুলো মূলতঃ اَحَدٌ وَّ عَشَرٌ ও تِسْعَةٌ وَّ عَشَرٌ ছিল। واو বিলোপ করে দু'টি সংখ্যার দ্বারা অন্য একটি সংখ্যা গঠন করা হয়েছে। এগুলোর মধ্যে اِثْنَاعَشَرَ (বার) ছাড়া বাকী সবগুলির উভয় অংশ যবরের ওপর مبنى - আর اِثْنَا عَشَرَ এর মধ্যে اِثْنَا শব্দটি معرب *

টীকা ঃ * اَحَدَ عَشَرَ ইত্যাদির মধ্যে যেহেতু দু শব্দ মিলে এক শব্দে পরিণত হয়েছে। আর একই শব্দের মাঝে কোন পরিবর্তন হয় না। এ কারণে প্রথম অংশটি مبنى হয়েছে। আর দ্বিতীয় শব্দের মধ্যে মবনী হরফ লুকায়িত থাকার কারণে সেটি ও مبنى হয়েছে এবং যবর সহজ হরকত হওয়ার কারণে যবরের ওপরই মবনী হয়েছে। তবে اِثْنَا عَشَرَ এর মধ্যে اِثْنَا শব্দটি اسم معرب এর تثنيه এর সাথে সাদৃশ্য রাখার কারণে معرب রয়েছে। কেননা تثنية এর মধ্যে اضافت এর সময় যেরূপ নূন বিলুপ্ত হয় এর মধ্যে তদরূপ নূন বিলুপ্ত হয়েছে।

سوم مرکب منع صرف و او آنست که دواسم رایکے کرده باشد واسم دوم متضمن حرفی نباشد چوں بَعْلَبَكَّ وحَضَرَمَوْتُ که جزو اول مبنی باشد برفتحه بر مذهب اکثر علماء وجزو دوم معرب بدانکه مرکب غیر مفید همیشه جزوجمله باشد چوں غُلَامُ زَيْدٍ قَائِمٌ وعِنْدِيْ اَحَدَ عَشَرَ دِرْهَمًا وجَاءَ بَعْلَبَكَّ

---

(৩) مُرَكَّب مَنْعِ صَرف - যে مركّب এর মধ্যে দু'টি اسم কে একত্রিত করে এক শব্দে পরিণত করা হয় এবং দ্বিতীয় اسم এর মধ্যে কোন حرف লুকায়িত থাকেনা তাকে مركب بِنائى বলে। যথা– بَعْلَبَكَّ ও حَضَرَمَوْتُ এর মধ্যে অধিকাংশ নাহু শাস্ত্রবিদের মতে প্রথম অংশটি যবরের ওপর مبنى আর দ্বিতীয় অংশটি معرب এর মধ্যে عَلَم ও تركيب পাওয়া যাওয়ার কারণে غير منصرف - যার অপর নাম হল منع صرف)*

জ্ঞাতব্য ঃ مركب غير مفيد পূর্ণ বাক্য হয় না বরং বাক্যের অংশ হয়। (কেননা বাক্য পূর্ণ হওয়ার জন্য مسند اليه ও مسند এর প্রয়োজন। অথচ مركب غير مفيد এ দু'টির যে কোন একটি হয়। একত্রে উভয়টি হয় না।) যথা– غُلَامُ زَيْدٍ قَائِمٌ - جَاءَ بَعْلَبَكَّ ও عِنْدِيْ اَحَدَ عَشَرَ دِرْهَمًا

টীকা ঃ * بَعْلَبَكَّ - بَعْلٌ একটি মূর্তীর নাম এবং بَكٌّ জনৈক বাদশার নাম। বাদশার উক্ত মূর্তীর ভক্ত থাকায় উভয় শব্দের দ্বারা শহরের নাম রাখা হয়েছে। তদরূপ حَضَرَ مَوْتُ (মউত হাজির হয়েছে) জনৈক ব্যক্তি পথিমধ্যে আকস্মিকভাবে মারা যাওয়ায় উক্ত জায়গার নাম حَضَرَ مَوْتُ হয়েগেছে।

ফায়েদা ঃ مركب غير مفيد মূলতঃ পাঁচ প্রকার। উপরোক্ত তিনটি এবং অপর দু'টি হল مركب توصيفى ও مركب صَوْتى সংক্ষিপ্ত করনের লক্ষ্যে সম্ভবত ঃ এ দুটি مركب কে মুসান্নিফ র. উল্লেখ করেননি। কবির ভাষায় مركب গুলি নিম্নরূপ-

بود ترکیب بنزدِ نحویاں شش * بِبَادَشْ گیر اگر خائف زِ فَوْتي

اِضافي داں و توصیفی ومَزْجی * هم اِسْنادی وتَعدادِیْ وصَوْتیْ

(منع صرف) (مفيد) (بنائى) (جيسے سيبويه)

(চিত্রে পূর্বের পাঠ সমূহ)



অনুশীলনী ঃ

১। নিম্নোক্ত শব্দাবলীর মধ্যে مفرد ও مركب চিহ্নিত কর।

عَيْنٌ، فَرَسُ زَيْدٍ ، نَظَّارَةٌ رَاشِدٍ،سَمِعْنَا ، لَا تَذْهَبْنَا

২। নিম্নোক্ত جمله গুলোর মধ্যে কোন্‌টি কোন প্রকারের جمله এবং কোন্‌টি مسند ও কোন্‌টি مسند اليه চিহ্নিত কর –

اَللّٰهُ اَكْبَرُ ، خُلِقَ الْاِنْسَانُ ، مُحَمَّدٌ نَبِيٌّ ، اَلَمْ يَجْعَلْ كَيْدَهُمْ فِيْ تَضْلِيْلٍ، وَاللّٰهِ لَا اَضْرِبُكَ، لَيْتَ زَيْدٌ احَاضِرٌ –

৩। নিম্নের কোন্‌টি কোন্ প্রকরের মুরাক্কাব বল–

نَحْوُ مِيْرٍ ، عَبْدُ اللّٰهِ، رَجُلٌ عَالِمٌ، سِيْبَوَيْهِ، تِسْعَةَ عَشَرَ، ضَرَبَ زَيْدٌ عَمْرًوا، زَكِيَّةٌ شَرِيْفَةٌ –

فصل بدانکه هیچ جمله کمترازدوکلمه نباشد لفظا چوں ضَرَبَ زَيْدٌ وَزَيْدٌ قَائِمٌ یا تقدیرا چوں اِضْرِبْ که اَنْتَ در و مستترست وازیں بیشتر باشد وبیشتر راحَدِّی نیست بدانکه چوں کلماتِ جُملہ بسیار باشد اسم وفعل وحرف رابایکد یگیر تمیز باید کردن ونظر کردن که معربست یامبنی وعامل ست یا معمول وباید دانستن که تعلّق کلمات بایکدیگر چگونه است تامسندومسندالیه پیداگرددومعنی جمله بتحقیق معلوم شود فصل بدانکه علامت اسم آنست که الف ولام یا حرف جر دراولش باشد چوں اَلْحَمْدُ وبِزَيْدٍ یا تنوین در آخرش باشد چوں زَيْدٌ یا مسند الیه باشد چوں زَيْدٌ قَائِمٌ یا مضاف باشد چوں غُلَامُ زَيْدٍ

চতুর্থ পাঠ - [বাক্য গঠন প্রণালী]

জ্ঞাতব্য ঃ দু'শব্দের কমে কোন বাক্য গঠিত হয়না। চাই তা প্রকাশ্য হোক যথা– ضَرَبَ زَيْدٌ ও زَيْدٌ قَائِمٌ বা উহ্য। যেমন اِضْرِبْ এর মধ্যে اَنْتَ যমীর উহ্য রয়েছে। (এগুলোর মধ্যে একটি مسند অপরটি مسند اليه - আর বাক্য পূর্ণ হওয়ার জন্য এ দুটি অপরিহার্য) অবশ্য বাক্য দু'য়ের অধিক শব্দ দ্বারা ও গঠিত হয়। বেশীর কোন সীমা নেই।

উল্লেখ্যযে, বাক্যের মধ্যে শব্দ বেশী হলে কোন্‌টি اسم কোন্‌টি فعل কোন্‌টি حرف তা পরস্পরে পার্থক্য করা জরুরী এবং কোন্‌টা معرب,কোন্‌টা مبنى, কোন্‌টা عامل,কোন্‌টা معمول তৎপ্রতিও লক্ষ্য করা এবং শব্দগুলির মধ্যে পারস্পরিক সম্বন্ধ কিরূপ ইত্যাদি জানা উচিত। তাহলে مسند ও مسند اليه স্পষ্ট হয়ে যাবে এবং বাক্যের অর্থ সঠিকভাবে জানা যাবে।

পঞ্চম পাঠ - [اسم , فعل ও حرف এর আলামত সমূহের বর্ণনা]

اسم এর আলামতসমূহ ঃ (اسم এর আলামত ১১টি যথা–) ১। শব্দের শুরুতে الف لام থাকা। যথা–اَلْحَمْدُ ২। শব্দের শুরুতে حرف جر থাকা। যথা– بِزَيْدٍ ৩। শেষে تنوين থাকা। যথা– زَيْدٌ ৪। শব্দটি مسند اليه (তথা مبتدا . ইত্যাদি) হওয়া। যথা– زَيْدٌ قَائِمٌ ৫। مضاف হওয়া। যথা– غُلَامُ زَيْدٍ ৬। نائب فاعل বা فاعل

یا مُصغّر باشد چوں قُرَیْشٌ یا منسوب باشد چوں بَغْدَادِیٌّ یا مثنی باشد چوں رَجُلَانِ یا مجموع باشد چوں رِجَالٌ یا موصوف باشد چوں جَاءَ رَجُلٌ عَالِمٌ یاتای متحرك بدوپیوندد چوں ضَارِبَةٌ وعلامت فعل آنست که قد دراوّلش باشد چوں قَدْ ضَرَبَ یا سین باشد چوں سَیَضْرِبُ یا سَوْفَ باشد چوں سَوْفَ یَضْرِبُ یا حرف جازم بود چوں لَمْ یَضْرِبْ یا ضمیر مرفوع مُتّصل بدو پیوندد چوں ضَرَبْتُ یاتای ساکن چوں ضَرَبْتْ یا امر باشد چوں اِضْرِبْ یا نهی باشد چوں لَاتَضْرِبْ

৬। مصغر হওয়া। যথা- قُرَیْشٌ * ৭। কোন স্থান বা বিষয়ের প্রতি منسوب (সম্বন্ধিত) হওয়া। যথা- بَغْدَادِیٌّ (বাগদাদের অধিবাসী) ৮। تثنية হওয়া। যথা- رَجُلَانِ ৯। جمع হওয়া।** যথা- رِجَالٌ ১০। موصوف (বিশেষ্যপদ) হওয়া। যথা- جَاءَ رَجُلٌ عَالِمٌ (আলিম লোকটি এসেছে) ১১। শেষে متحرك تائے যুক্ত হওয়া। যথা- ضَارِبَةٌ -

فعل এর আলামতসমূহ ঃ (فعل এর علامت মোট ৯টি) যথা- ১। শব্দের শুরুতে قَدْ যুক্ত হওয়া। যথা- قَدْ ضَرَبَ, ২। سين যুক্ত হওয়া। যথা- سَیَضْرِبُ ৩। سَوْفَ যুক্ত হওয়া। যথা- سَوْفَ یَضْرِبُ ৪। শুরুতে حرف جازم (জযম প্রদানকারী হরফ) আস।) যথা- لَمْ یَضْرِبْ ৫। শেষে مرفوع متصل এর যমীর যুক্ত হওয়া। যথা- ضَرَبْتُ ৬। শেষে تائے ساکن যুক্ত হওয়া। যথা- ضَرَبْتْ ৭। امر এর صیغه হওয়া। যথা- اِضْرِبْ ৮। نهی এর صیغه হওয়া। যথা- لَا تَضْرِبْ (৯। শুরুতে حرفِ ناصب আসা। যথা- لَنْ یَّفْعَلَ -)

টীকা ঃ * مصغر হওয়ার অর্থ تصغیر এর ওযনে ব্যবহৃত হওয়া। تصغیر এর ওযন ৩টি যথা- فُعَیْلٌ - فُعَیْعِلٌ - فُعَیْعِیْلٌ এ সকল ওযনের শব্দ গুলি বিভিন্ন অর্থে ব্যবহৃত হয় ১। ছোট, যথা رُجَیْلٌ ছোট পা, । ২। তুচ্ছ, অবজ্ঞা, যথা رُجَیْلٌ তুচ্ছ পুরুষ, ৩। সম্মান। যথা- قُرَیْشٌ সম্ভ্রান্ত গোত্রের নাম, قُرَیْشٌ এর মূল অর্থ সাগরের বিশেষ এক ধরনের মাছ যা অন্যান্য ছোট মাছ খেয়ে জীবন ধারণ করে ৪। প্রিয় যথা- بُنَیَّ প্রিয়তম বৎস।

** فعل ও تثنية جمع হওয়া اسم এর আলামত। এ কথার দ্বারা প্রশ্ন জাগতে পারে যে فعل ও তো تثنية - جمع হয়। সুতরাং اسم এর চিহ্ন হলো কিরূপে ? উত্তর এই যে, فعل এর মধ্যে فاعل এর যমীর থাকার কারণে فعل কে تثنية - جمع বলা হয়, নতুবা فعل বা مصدر কখনো تثنية বা جمع হয় না।

وعلامت حرف آنست که هیچ علامتے از علامات اسم وفعل درونبود فصل بدانکه جمله کلمات عرب بردوقسم ست معرب و مبنی ـ معرب آنست که آخرش باختلاف عوامل مختلف شود چون زَيْدٌ در جَاءَنِيْ زَيْدٌ وَرَاَيْتُ زَيْدًا وَمَرَرْتُ بِزَيْدٍ ـ جَاءَ عامل ست وَزَيْدٌ معرب ست وضَمّه اعراب ست ودال محل اعراب و مبنی آنست که آخرش باختلاف عوامل مختلف نشود چون هٰؤُلَآءِ که درحالت رفع ونصب وجر یکسان ست

حرف এর আলামত ঃ حرف এর বিশেষ কোন আলামত নেই, বরং শব্দের মধ্যে **اسم** ও **فعل** এর কোন আলামত না থাকাই حرف হওয়ার আলামত।

ষষ্ঠ পাঠ - [مبنی ও معرب এর পরিচয়]

معرب ও مبنی এর পরিচয় ঃ শব্দের শেষ অবস্থা পরিবর্তন হওয়া না হওয়ার দিক দিয়ে সমস্ত শব্দ দু'প্রকার **معرب** ও **مبنی** -

معرب এর সংজ্ঞা ঃ عامل এর পরিবর্তনে যে শব্দের শেষ অবস্থা পরিবর্তিত হয় তাকে **معرب** বলে। যথা– جَائَنِيْ زَيْدٌ - وَرَاَيْتُ زَيْدًا ও مَرَرْتُ بِزَيْدٍ বাক্যগুলির মধ্যে زَيْدٌ শব্দটি **معرب** (এগুলোর মধ্যে যথাক্রমে) جَاءَ , (ب ও رَاَيْتُ) হল (جر ও نصب) হল ضمه এবং مَحلِّ اِعراب হল دال , معمول زَيْدٌ,عامل শব্দটি اعراب -

مبنی এর সংজ্ঞা ঃ عامل এর পরিবর্তনে যে শব্দের শেষ অবস্থা পরিবর্তিত হয়না তাকে **مبنی** বলে। যথা– مَرَرْتُ بِهٰؤُلَاءِ ও رَاَيْتُ هٰؤُلَاءِ , جَاءَ هٰؤُلَاءِ বাক্যগুলোর মধ্যে هٰؤُلَآءِ শব্দটি **مبنی** - কেননা رفعي , نصبي ও جرى কোন অবস্থাতেই এর মধ্যে পরিবর্তন হয়নি।

অনুশীলনী ঃ

১। **اسم - فعل** ও **حرف** এর সংজ্ঞা ও আলামতসমূহ বর্ণনা কর।

২। নিম্নের বাক্যসমূহের মধ্যে **اسم - فعل** ও **حرف** চিহ্নিত কর -

صَعِدَ زَيْدٌ عَلَى السَّطْحِ ، اَخَذْتُهُ بِدِرْهَمَيْنِ ، هَلْ ضَرَبَكَ زَيْدٌ، يَا فَاطِمَةُ لِمَاتَبْكِيْنَ ، هَلْ اَتَاكَ حَدِيْثُ مُوْسٰى ، سَوْفَ تَرٰى ،

فصل بدانکه جمله حروف مَبنی ست واز اَفعال فعلِ ماضی وامرِ حاضر معروف وفعلِ مضارع بانونهائے جمع مونث وبانونهائے تاکید نیز مبنی ست بدانکه اسمِ غیرِ مُتمکن مبنی است وامّا اسمِ متمکن معرب ست بشرط آنکه در ترکیب واقع شود وفعلِ مضارع معرب ست بشرط آنکه ازنونهائے جمع مؤنث ونون تاکید خالی باشد پس درکلام عرب بیش ازیں دو قسم معرب نیست باقی همه مبنی ست واسم غیر متمکن اسمیت که بامبنی اصل مشابهت دارد ومبنی اصل سه چیزاست فعل ماضی وامر حاضر معروف وجمله حروف- واسم متمکن اسمیت که بامبنی اصل مشابه نباشد

সপ্তম পাঠ - [مبنی ও معرب এর প্রকারভেদ]

(অত্র ৮ প্রকারের শব্দ (مبنی) ১। সমস্ত حروف মবনী এবং فعل এর মধ্যে ২। جمع ও ৩। فعل ماضی ও فعل مضارع এর মধ্যে امر حاضر معروف মবনী ৪। فعل مضارع এর নূন যুক্ত ছীগা দু'টি (جمع مؤنث حاضر ও جمع مونث غائب) এবং ৫। مونث اسم غیر متمکن মবনী। ৭। نون خفیفه যুক্ত ছীগা সমূহ মবনী। ৬। نون ثقیله ৮। اسم متمکن (اسم معرب) مرکب হওয়ার পূর্ব পর্যন্ত মবনী।*

معرب এর প্রকারভেদ ঃ দু' ধরণের শব্দ মু'রাব (১) اسم متمکن মুরাক্কাব (বাক্যে ব্যবহৃত) হওয়ার শর্তে (২) فعل مضارع এর মধ্যে جمع مؤنث ও نون نون تاکید যুক্ত ছীগাগুলি ব্যতিত বাকী ১২টি ছীগা معرب - আরবীতে এ দু' প্রকার ছাড়া আর কোন معرب নেই।**

فعل مبنی اصل এর প্রকারভেদ ঃ مبنی اصل তিন প্রকার – যথা- ১। فعل ماضی ২। امر حاضر معروف ও ৩। سمস্ত حرف -

اسم متمکن এর সংজ্ঞা ঃ যে اسم - مبنی اصل এর সাথে সামঞ্জস্য রাখে না তাকে اسم متمکن বলে।

টীকা ঃ * نفی تاکید بلن - نفی جحد بلم ইত্যাদির ছীগা সমূহ এবং نهی لام امر , لام تاکید بانون تاکید যুক্ত ছীগা সমূহ ব্যতিত امر حاضر ছাড়া বাকী ছীগা সমূহ যথাঃ- فعل ماضی ও معرب এর অন্তর্ভুক্ত। সুতরাং جمع مونث ছাড়া এগুলো সর্বদাই مضارع -

** متمکن বাবে تفعل এর اسم فاعل এর ছীগা। এটা لازم ও متعدی উভয় অর্থে আসে। এস্থলে متعدی হিসাবে ব্যবহৃত। অর্থ জায়গা প্রদানকারী। اسم معرب - عامل কে তার শেষে আমল করার সুযোগ দেয় বিধায় اسم معرب কে اسم متمکن বলে।

فصل بدانکه اسم غیر متمکن هشت قسم است اول مُضمَرات چوں اَنَا من مرد وزن وضَرَبْتُ زدم من واِیَّایَ خاص مرا و ضَرَبَنِیْ بزد مرا ولِیْ مرا واین هفتاد ضمیر ست چهارده مرفوع متصل ضَرَبْتُ ضَرَبْنَا ضَرَبْتَ ضَرَبْتُمَا ضَرَبْتُمْ ضَرَبْتِ ضَرَبْتُمَا ضَرَبْتُنَّ ضَرَبَ ضَرَبَا ضَرَبُوْا ضَرَبَتْ ضَرَبَتَا ضَرَبْنَ وچهارده مرفوع منفصل اَنَا نَحْنُ اَنْتَ اَنْتُمَا اَنْتُمْ اَنْتِ اَنْتُمَا اَنْتُنَّ هُوَ هُمَا هُمْ هِیَ هُمَا هُنَّ

অষ্টম পাঠ - [اسم غیر متمکن এর প্রকারভেদ]

اسم غیر متمکن আট প্রকার। **প্রথম প্রকার ঃ** সমস্ত যমীর (সর্বনাম) যথা- اَنَا আমি, ضَرَبْتُ আমি মেরেছি, اِیَّایَ আমাকেই, ضَرَبَنِیْ সে আমাকে মেরেছে, ও لِیْ আমার (এ পাঁচ প্রকারে মোট সত্তরটি যমীর।*)এর বিস্তারিত বিবরণ এই-

১। مرفوع متصل এর চৌদ্দটি যমীর। যথা-

ضَرَبْتُ ، ضَرَبْنَا، ضَرَبْتَ، ضَرَبْتُمَا، ضَرَبْتُمْ، ضَرَبْتِ ضَرَبْتُمَا، ضَرَبْتُنَّ، ضَرَبَ، ضَرَبَا، ضَرَبُوْا، ضَرَبَتْ، ضَرَبَتَا، ضَرَبْنَ،

২। مرفوع منفصل এর চৌদ্দটি যমীর। যথা-

اَنَا نَحْنُ، اَنْتَ اَنْتُمَا اَنْتُمْ، اَنْتِ اَنْتُمَا اَنْتُنَّ، هُوَ هُمَا هُمْ، هِیَ هُمَا هُنَّ -

টীকা ঃ* উল্লেখ্য যে- ضمیر مرفوع আবার দু' প্রকার بارز (প্রকাশ্য) ও مستتر (উহ্য) ضَرَبَ - ضمیر مستتر এর মধ্যে واحد مؤنث غائب এর মধ্যে واحد مذکر غائب ও فعل ماضی এর মধ্যে هُوَ ও ضَرَبَتْ এর মধ্যে هِیَ যমীর فاعل - আর বাকী ১২টি صیغه এর শেষের শব্দগুলি যথা- ا - و - ن - ت - تما - تن - ت - نا - ی হলো فاعل এর যমীর।

* فعل مضارع এর মধ্যে متکلم ও واحد مذکر حاضر - واحد مذکر و مؤنث غائب এর দুই صیغه এর মধ্যে ضمیر مستتر বাকী ৯ ছীগার শেষে نون اعرابی এর পূর্বের অংশ অর্থাৎ। - و - ضمیر بارز হল ی ও ن

ফায়েদা ঃ (ক) مرفوع ঐ ضمیر কে বলে যা رفعی তে পতিত হয় এটা দু' প্রকার ضمیر مرفوع متصل - منفصل ও متصل ঐ সমস্ত ضمیر কে বলে যে গুলো عامل رافع তথা عامل رافع টি فعل - ضَرَبَ এর মধ্যে ضَرَبْتُ এবং تُ فاعل - مرفوع হিসিবে

(বাকী পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)

وچهارده منصوب متصل ضَرَبَنِيْ ضَرَبَنَا ضَرَبَكَ ضَرَبَكُمَا ضَرَبَكُمْ ضَرَبَكِ ضَرَبَكُمَا ضَرَبَكُنَّ ضَرَبَهُ ضَرَبَهُمَا ضَرَبَهُمْ ضَرَبَهَا ضَرَبَهُمَا ضَرَبَهُنَّ وچهارده منصوب منفصل اِيَّايَ اِيَّانَا اِيَّاكَ اِيَّاكُمَا اِيَّاكُمْ اِيَّاكِ اِيَّاكُمَا اِيَّاكُنَّ اِيَّاهُ اِيَّاهُمَا اِيَّاهُمْ اِيَّاهَا اِيَّاهُمَا اِيَّاهُنَّ وچهارده مجرور متصل لِيْ لَنَا لَكَ لَكُمَا لَكُمْ لَكِ لَكُمَا لَكُنَّ لَهُ لَهُمَا لَهُمْ لَهَا لَهُمَا لَهُنَّ۔

৩। منصوب متصل এর চৌদ্দটি যমীর। যথা–

ضَرَبَنِيْ، ضَرَبَنَا، ضَرَبَكَ، ضَرَبَكُمَا، ضَرَبَكُمْ، ضَرَبَكِ، ضَرَبَكُمَا، ضَرَبَكُنَّ، ضَرَبَهُ، ضَرَبَهُمَا، ضَرَبَهُمْ، ضَرَبَهَا، ضَرَبَهُمَا، ضَرَبَهُنَّ،

৪। منصوب منفصل এর চৌদ্দটি যমীর। যথা–

اِيَّايَ اِيَّانَا، اِيَّاكَ اِيَّاكُمَا اِيَّاكُمْ، اِيَّاكِ اِيَّاكُمَا، اِيَّاكُنَّ، اِيَّاهُ، اِيَّاهُمَا، اِيَّاهُمْ، اِيَّاهَا اِيَّاهُمَا، اِيَّاهُنَّ –

৫। مجرور متصل এর চৌদ্দটি যমীর। যথা–

لِيْ، لَنَا، لَكَ، لَكُمَا، لَكُمْ، لَكِ، لَكُمَا، لَكُنَّ، لَهُ، لَهُمَا، لَهُمْ، لَهَا، لَهُمَا، لَهُنَّ۔

(পূর্বের বাকী টীকা)

(খ) ضمير مرفوع منفصل ঐ সমস্ত ضمير কে বলে যা فعل থেকে পৃথক ব্যবহৃত হয় এবং তারকীবে مبتدا হয়। যেমন اَنَا مُسْلِمٌ এর মধ্যে اَنَا শব্দটি مبتدا - এটা عامل - مرفوع তথা ابتداء এর কারণে معنوى

(গ) ضمير منصوب ঐ সমস্ত ضمير কে বলে যা تركيب এর ক্ষেত্রে তৃতীয় حالت نصبى পতিত হয়- এটাও দু' প্রকার- عامل ناصب তথা فعل এর সাথে মিলে আসলে متصل ও পৃথক আসলে منفصل যথা- ضَرَبَنِيْ এর মধ্যে ى টি مفعول হিসেবে منصوب- ضَرَبَ ফে'লের এর সাথে মিলিত। আর اِيَّايَ এর মধ্যে اِيَّايَ ও ضمير منصوب তথা مفعول এর ضمير - তবে فعل হতে পৃথক।

(ঘ) এভাবে ضمير مجرور متصل অর্থ حالت جرى তে পতিত ضمير-এটা আবার দু প্রকার হতে পারে- حرف جر এর সাথে মিলিত বা مضاف এর সাথে মিলিত। যথা-دَارِيْ ও لِيْ উভয় ছুরতেই এটি مجرور এবং মিলিত হয় বিধায় متصل সে হিসেবে প্রকৃত যমীর পাঁচ প্রকারই সঠিক প্রত্যেক প্রকারে ১৪টি হিসেবে সর্বমোট যমীর ১৪×৫=৭০টি।

دوم اسمائے اشارات ذَاوذَانِ وذَيْنِ وتَا وتِىْ وتِهْ وذِهْ وذِهِىْ وتِهِىْ وتَانِ وتَيْنِ وأُولَاءِ بمد و أُوْلٰى بقَصْر سوم اسمائے موصولہ: اَلَّذِىْ وَالَّذَانِ و اَلَّذَيْنِ وَ اَلَّذِيْنَ اَلَّتِىْ اَلَّتَانِ وَالَّتَيْنِ وَاللَّاتِىْ وَاللَّوَاتِىْ و مَا ومَنْ وَاَىٌّ وَاَيَّةٌ والف ولام بمعنى اَلَّذِىْ دراسم فاعل واسم مفعول چوں اَلضَّارِبُ وَالْمَضْرُوْبُ وذُوْ بمعنى اَلَّذِىْ در لغت بنى طَے نحو جَاءَنِىْ ذُوْضَرَبَكَ

দ্বিতীয় প্রকার ঃ اشارات اسمائے (ইঙ্গিত সূচক ইসমসমূহ) –

ذَا، ذَانِ، ذَيْنِ، تَا، تِىْ، تِهْ، ذِهْ، ذِهِىْ، تِهِىْ، تَانِ، تَيْنِ، أُوْلَاءِ، أُوْلٰى -

তৃতীয় প্রকার ঃ اسمائے موصولات (সম্বন্ধ বাচক ইসম সমূহ) যথা-

اَلَّذِىْ، اَلَّذَانِ، اَلَّذَيْنِ، اَلَّذِيْنَ، اَلَّتِىْ، اَلَّتَانِ، اَلَّتَيْنِ، اَللَّتِىْ، اَللَّوَاتِىْ، مَا، مَنْ، اَىٌّ، وَاَيَّةٌ

এবং اَلَّذِىْ ـ الف و لام এর পূর্বের اسم مفعول ও اسم فاعل এর অর্থে ব্যবহৃত হয়। যথা- اَلضَّارِبُ ও اَلْمَضْرُوْبُ - بنى طى এর ভাষায় ذُوْ শব্দটি ও اَلَّذِىْ اسم এর অর্থে। যথা- جَائَنِىْ ذُوْ ضَرَبَكَ (তোমাকে যে মেরেছে সে আমার নিকট এসেছে) موصول

ফায়েদা ঃ (ক) اشاره অর্থ ইঙ্গিত। যার প্রতি ইশারা করা হয় তাকে مخاطب - مشار اليه এর অধিক দৃষ্টি আকর্ষনের জন্যে اسم اشاره এর পূর্বে অধিকাংশ ক্ষেত্রে تنبنه هائے যুক্ত হয়। যথা- هٰذَا ، هٰذِهٖ প্রভৃতি (খ) مخاطب তথা সম্বোধিত ব্যক্তি এক বচন, দ্বিবচন, বহু বচন ও পুঃলিঙ্গ বা স্ত্রী লিঙ্গ বুঝানোর জন্য শেষে حرف خطاب যোগ করা হয়। مشار اليه যা-ই হোক না কেন। যথা–

ذَانِكَ، ذَانِكُمَا، ذَانِكُمْ، ذَانِكِ، ذَانِكُمَا، ذَانِكُنَّ ও-ذَاكَ، ذَاكُمَا، ذَاكُمْ، ذَاكِ، ذَاكُمَا، ذَاكُنَّ প্রভৃতি।

(গ)

ذَا	ذَانِ، ذَيْنِ	تَا، تِىْ، تِهْ، ذِهْ، ذِهِىْ، تِهِىْ	تَانِ، تَيْنِ	أُولَاءِ، أُوْلٰى
এই (একঃ পুঃ)	এই (দুইঃ পুঃ)	এই (একঃ স্ত্রীঃ)	এই দুই (স্ত্রী)	এইসব (পুঃ/স্ত্রীঃ)
حالت رفعى	رفعى،نصبى وجرى	واحد مؤنث	تثنيه مؤنث	جمع مذكرو مؤنث

بدانکه اَیٌّ وَاَیَّةٌ معرب ست چهارم اسمائے افعال وآن بردوقسم ست اول بمعنی امر حاضر چوں رُوَیْدَ وبَلْهَ وحَیَّهَلَ وهَلُمَّ دوم بمعنی فعل ماضی چوں هَیْهَاتَ وشَتَّانَ پنجم اسمائے اَصْوات چوں اُحْ اُحْ و وَیْخَ نَخَّ وغَاقَ ششم اسمائے ظروف ظرف زمان چوں اِذْ و اِذَا ومَتٰی وکَیْفَ وایَّانَ وامْسِ ومُذْ مُنْذُ وقَطُّ وعوض وقَبْلُ وبَعْدُ وقتیکه مضاف باشند ومضاف الیه محذوف مَنْوِی باشد وظرفِ مکان چوں حَیْثُ وقُدَّامُ وتَحْتُ وفَوْقُ وقتیکه مضاف باشند

উল্লেখ্য যে, ای ও ایّ শব্দ দুটি মু'রাব।*

চতুর্থ প্রকার ঃ اسمائے افعال (فعل এর অর্থ প্রদানকারী اسم সমূহ) এটা দু' প্রকার ১। امر حاضر এর অর্থে- যথা- رُوَیْدَ (امهل অর্থে- অবকাশ দাও। بَلْهَ (دَعْ অর্থে-ছাড়) حَیَّهَلْ (اِئْتِ অর্থে- আস) ও هَلُمَّ (ایت অর্থে- আস) ২। ماضی এর অর্থে যথা- هَیْهَاتَ (بَعُدَ এর অর্থে- দূরবর্তী হয়েছে) شَتَّانَ (اِفْتَرَقَ معروف অর্থে- বিচ্ছিন্ন হয়েছে)

পঞ্চম প্রকার ঃ اسمائے اصوات (ধ্বনি সূচক اسم সমূহ) যথা- اُفْ, اُحْ, اُحْ, غَاقَ ও نَخَّ, بَخٍّ

ষষ্ঠ প্রকার ঃ اسمائے ظروف (স্থান বা কাল বাচক اسم সমূহ) এটা আবার দু' প্রকার ظرف زمان (কাল বাচক)। যথা- اِذْ (যখন) ظرف مکان ও ظرف زمان (১) اِذَا (যখন), مَتٰی (কখন), كَيْفَ (কিরূপ), কেমন, اَیَّانَ (কখন), اَمْس (গতকাল), مُذْ (হইতে), مُنْذُ (হইতে) قَطُّ (কখনো), عَوْضُ (কখনো), قَبْلُ (পূর্বে) بَعْدُ (পরে)।

এর মধ্যে بَعْدُ ও قَبْلُ যদি مضاف হয় এবং তার الیه مضاف উহ্য থাকে সে সময় مبنی হবে, নতুবা معرب

২। ظرف مکان (স্থান বাচক) যথা- حَیْثُ (যেখানে) قُدَّامُ (সামনে) تَحْتُ (নীচে) فَوْقُ (উপরে) এগুলো ও যদি مضاف হয় এবং তার الیه উহ্য

টীকা ঃ * اَیٌّ ও اَیَّةٌ চারটি ছুরত। প্রথমত ঃ এ দুটি শব্দ مضاف হবে বা না। এর প্রত্যেকটি আবার দু প্রকার صدر صله উল্লেখ থাকবে বা না। (صله موصول বুঝানোর জন্য এর প্রথমে যে যমীর থাকে তাকে صدر صله বলে) এ চার ছুরতের মধ্যে যদি مضاف হয় এবং صدر صله উল্লেখ না থাকে তাহলে পেশের উপর مبنی - বাকী তিন ছুরতে معرب। যথা- ১। جَائَنِیْ اَیٌّ قَائِمٌ ২। اَیُّهُمْ هُوَ قَائِمٌ ৩। جَائَنِیْ اَیُّهُمْ قَائِمٌ (মবনী) ৪। جَائَنِیْ اَیٌّ هُوَ قَائِمٌ উপরোক্ত চার ছুরতের প্রতোটি আবার رفعی حالت ও نصبی جری হিসেবে ১২ ছুরত হয়ে মোট ২৪ ছুরত হতে পারে) যথা- مَرَرْتُ بِاَیِّهِمْ هُوَ قَائِمٌ - رَاَیْتُ اَیَّهُمْ هُوَ قَائِمٌ -جَائَنِیْ اَیُّهُمْ هُوَ قَائِمٌ ইত্যাদি।

ومضاف الیہ محذوف مَنوی باشد ہفتم اسمائے کنایات چوں کَمْ وکَذَا کنایت ازعددوکَیْتَ وذَیْتَ کنایت از حدیث ہشتم مرکب بنائی چوں اَحَدَ عَشَرَ

থাকে তাহলে مبنی নতুবা معرب।

সপ্তম প্রকার ঃ اسمائے کنایات (ইঙ্গিত সূচক اسم সমূহ) এটা দু' প্রকার ১। সংখ্যার প্রতি ইঙ্গিত যথা। کَمْ (কতো) ও کَذَا (এতো) ২। কথার প্রতি ইঙ্গিত। যথা- کَیْتَ (এমন) ও ذَیْتَ (অমন)

অষ্টম প্রকার ঃ مرکب بِنائ যথা- اَحَدَ عَشَرَ (এগার)

ফায়েদা ঃ (১) উল্লেখ্য যে, উপরোক্ত দু' প্রকার ظرف এর প্রত্যেকটি আবার দু' প্রকার। যথা- محدود সীমিত ও غیر محدود অসীম। সুতরাং ظرف মোট চার প্রকার হল زمان محدود যেমন- نَهَارٌ - لَيْلٌ - صُبْحٌ ইত্যাদি زمان غیر محدود যেমন اَلسَّاعَةُ - اَلدَّهْرُ - اِذْ - اِذَا - مَتٰى ইত্যাদি مکان محدود যেমন سُوْقٌ - مَسْجِدٌ প্রভৃতি। مکان غیر محدود যেমন حَيْثُ - قُدَّامُ প্রভৃতি।

(২) قَبْلُ ও بَعْدُ ব্যবহারের মোট তিন ছুরত- ১। مضاف হবে এবং مضاف الیہ উল্লেখ থাকবে। যথা - جِئْتُ قَبْلَكَ ২। مضاف হবে তবে مضاف الیہ উহ্য থাকবে যথা। اَمَّا بَعْدُ অর্থাৎ الْحَمْدِ وَالصَّلٰوةِ بَعْدَ ... وَلِلّٰهِ الْاَمْرُ مِنْ قَبْلُ ৩। مضاف হবে না যথা- رُبَّ قَبْلِ خَيْرٌ مِّنْ بَعْدِ এর মধ্যে ২য় ছুরতে مبنی বাকী দু' ছুরতে معرب। تَحْتُ ، قُدَّامُ ও فَوْقُ এর মধ্যে ও তিন ছুরত প্রযোজ্য।

(৩) উল্লেখ্য যে, اسم غیر متمکن এর অধিকাংশই নিজ অর্থ প্রকাশে অন্যের প্রতি মুখাপেক্ষী। এ দিক দিয়ে حرف এর সাথে মিল থাকার কারণে এ গুলো মবনী। যেমন যমীর তার مرجع এর প্রতি মূখাপেক্ষী اسمائے موصولہ - صلہ এর প্রতি মূখাপেক্ষী। اسمائے اشارات ও اسمائے کنایات , مشار الیہ ও مکنی عنہ এর প্রতি মূখাপেক্ষী اسمائے ظروف - مضاف الیہ এর প্রতি মূখাপেক্ষী। আবার কোনটিতে حرف উহ্য থাকার কারণে সেটি مبنی - যেমন مرکب بنائی- কোনটিতে اعراب দিলে রূপ ও স্বর পরিবর্তন হওয়ার ভয়ে مبنی যথা- اسمائے اصوات কোনটি مبنی اصل এর অর্থে আসার কারণে মবনী। যেমন اسمائے افعال এবং مرکب بنائی তার মধ্যে হরফ লুকায়িত থাকার কারণে মবনী।

অনুশীলনী

১। مرکب غیر مفید বা مشابہ بمبنی কত প্রকার ও কি কি বর্ণনা কর।

২। যমীর কত প্রকার ও কি কি এবং সর্বমোট যমীর কতটি।

৩। নিম্নের বাক্য গুলির মধ্যে معرب ও مبنی চিহ্নিত কর-

جِئْتُكَ اَمْسِ - مَنْ عَلَى الشَّجَرِ - تِلْكَ الدَّارُ لِبَكْرٍ - هُنَّ ذَهَبْنَ - اُولَائِكَ عَلٰى هُدًى مِّنْ رَّبِّهِمْ -

৪। নিম্নের বা ক্য সমূহে ব্যবহৃত কোনটি কোন যমীর বল এবং তারকীব কর।

اِيَّاكَ نَعْبُدُ - نَحْنُ مُسْلِمُوْنَ - لَا تُوَاخِذْنَا - ضَرَبْتُمُوْهُنَّ - فِيْهِ رِجَالٌ - لِمَ تَبْكِيْنَ - هِيَ عَالِمَةٌ -

فصل بدانکه اسم بردو ضرب ست معرفه ونکره معرفه آنست که موضوع باشد برائے چیزے مُعیّن وآں برهفت نوع ست اول مضمرات دوم اعلام چون زَیْدٌ وَعَمْرٌ وسوم اسمائی اشارات چهارم اسمائے موصوله وایں دوقسم را مبهمات گویند پنجم معرفه بندا چوں یَا رَجُلُ ششم معرفه بالف ولام چوں اَلرَّجُلُ هشتم مضاف بیکی ازینها چوں غُلَامُهُ وَغُلَامُ زَیْدٍ وَغُلَامُ هٰذَا وَغُلَامُ الَّذِیْ عِنْدِیْ وَغُلَامُ الرَّجُلِ ونکره آنست که موضوع باشد برای چیزے غیر معین چوں رَجُلٌ وفَرَسٌ بدانکه اسم بردو صنف ست مذکر ومؤنث

নবম পাঠ - [বিভিন্ন দৃষ্টি কোণে اسم এর প্রকারভেদ]

معرفه و نکره প্রসঙ্গ ঃ

(নির্দিষ্ট অনির্দিষ্টের দিক দিয়ে) اسم দু' প্রকার। معرفه ও نکره

معرفه এর সংজ্ঞা ঃ যে اسم নির্দিষ্ট বস্তু বুঝানোর জন্য গঠিত হয়েছে তাকে معرفه বলে।

معرفه এর প্রকারভেদ ঃ معرفه সাত প্রকার। ১। مُضْمَرَاتْ (সমস্ত যমীর) যথা- اَنَا , اَنْتَ , هُوَ প্রভৃতি।

২। اعلام (নাম সমূহ) যথা- زَیْدٌ , عُمَرُ প্রভৃতি ৩। اسمائے اشارات যথা- ذَا، ذَانِ , اسم اشاره (তি প্রভৃতি। ৪। اسمائے موصولات (যথা- اَلَّذِیْ , اَلَّذَانِ প্রভৃতি) اسم موصول এ দু'প্রকারকে مبهمات বলে ৫। معرفه ندا (শুরুতে حرف ندا আসার কারণে معرفه) যথা- یَا رَجُلُ ৬। الف و لام এর দ্বারা معرفه যথা- اَلرَّجُلُ ৭। حرف ندا ছাড়া উপরোক্ত যে কোন একটির প্রতি مضاف হওয়া। যথা - غُلَامُهُ , غُلَامُ زَیْدٍ , غُلَامُ هٰذَا , غُلَامُ الَّذِیْ عِنْدِیْ ও غُلَامُ الرَّجُلِ -

نکره এর সংজ্ঞা ঃ যে اسم টি অনির্দিষ্ট বস্তু বুঝানোর জন্য গঠিত তাকে نکره বলে যথা- رَجُلٌ , فَرَسٌ (একটি পুরুষ, একটি ঘোড়া)

مذکر و مؤنث প্রসঙ্গ ঃ লিঙ্গের দিক দিয়ে اسم দু' প্রকার مذکر (পুঃ লিঙ্গ) ও مؤنث (স্ত্রী লিঙ্গ)

مذکر آنست که درو علامت تانیث نباشد چوں رَجُلٌ ومؤنث آنست که دروعلامت تانیث باشد چوں اِمْرَأَةٌ وعلامت تانیث چهارست تاچوں طَلْحَةٌ والف مقصوره چوں حُبْلٰی والف ممدوده چوں حَمْرَاءُ وتانیے مقدره چوں اَرْضٌ که دراصل اَرضَةٌ بوده است بدلیل اُرَيْضَةٌ زیراکه تصغیر اسماء را باصلِ خودبَرَد واین را مونث سماعی گویند بدانکه مؤنث بردوقسم ست حقیقی ولفظی ۔ حقیقی آنست که بازائے اوحیوانے مذکر باشد چوں اِمْرَأَةٌ که بازائ او رَجُلٌ است وَنَاقَةٌ که بازای اوجَمَلٌ است ولفظی آنست که بازای اوحَیَوانی مذکر نباشد چوں ظُلْمَةٌ وقُوَّةٌ بدانکه اسم برسه صنف ست واحد ومثنی ومجموع واحد آنست که دلالت کند بریکے چوں رَجُلٌ ومُثَنّٰی آنست که دلالت کند بردو بسبب آنکه الف یا یائ ماقبل مفتوح ونونِ مکسوره باآخرش پیوند چوں رَجُلَانِ ورَجُلَيْنِ

مذکر ও مؤنث এর সংজ্ঞা ঃ যে اسم এর মধ্যে علامت تانیث না থাকে তাকে مذکر বলে। যথা- رَجُلٌ আর যে اسم এর মধ্যে علامت تانیث থাকে তাকে مؤنث বলে।

علامت تانیث চারটি ঃ ১। ة যথা- اِمْرَأَةٌ ২। الف مقصوره যথা- حُبْلٰی ২। حَمْرَاءُ ৪। উহ্য ة - যথা- اَرْضٌ এটা মূলত ঃ اَرْضَةٌ ছিল। এর تصغیر আসে اُرَيْضَةٌ (ة সহ)। কেননা تصغیر দ্বারা اسم এর মূল অবস্থা বুঝা যায়। এ জাতীয় مؤنث কে مؤنث سَمَاعی (শ্রুতিগত مؤنث) বলে।

مؤنث এর প্রকারভেদ ঃ مؤنث দু' প্রকার– حقیقی ও لفظی - যে مؤنث এর বিপরীতে مذکر প্রাণী থাকে তাকে مؤنث حقیقی বলে। যথা- رَجُلٌ এর বিপরীতে اِمْرَأَةٌ এবং جَمَلٌ এর বিপরীতে نَاقَةٌ - আর যে مؤنث এর বিপরীতে مذکر প্রাণী না থাকে তাকে مؤنث لفظی বলে। যথা- ظُلْمَةٌ (অন্ধকার) قُوَّةٌ (শক্তি)।

সংখ্যা বা বচনের দিক দিয়ে اسم এর প্রকারভেদ ঃ

اسم তিন প্রকার ঃ ১। واحد (এক বচন) ২। تثنیه (দ্বি বচন) ও ৩। جمع (বহু বচন)।যে اسم এর শেষে الف বা ء یا এর ডানে যবর,এবং যের যুক্ত نون যোগ হওয়ার কারণে দু' বস্তু বুঝায় তাকে تثنیه বলে। যথা- رَجُلَانِ ও رَجُلَيْنِ দুই জন পুরুষ।

مجموع آنست که دلالت کند برییش ازدوبسبب آنکه تغیرے در واحدش کرده باشند لفظا چوں رِجَالٌ یا تقدیرا چوں فُلْكٌ که وَاحدش نیز فلك ست بروزن قفل و جمعش هم فلك بروزن اُسْدٌ بدانکه جمع باعتبار لفظ بردو قسم ست جمع تکسیر وجمع تصحیح جمع تکسیر آنست که بنای واحد در وسلامت نباشد چوں رِجَالٌ ومَسَاجِدُ واَبنیهٔ جمع تکسیر در ثلاثی بسَماع تعلّق دارد وقیاس را درو مجالی نیست امّا در رباعی وخماسی برزون فَعَالِلُ آید چوں جَعْفَرٌ وجَعَافِرُ وجَحْمَرِشٌ وجَحَامِرُ بحذف حرف خامس وجمع تصحیح آنست که بنائے واحد در وسلامت ماند وآں بردو قسم ست جمع مذکر وجمع مونث جمع مذکر آنست که واؤ ما قبل مضموم یا یائ ما قبل مکسور ونونے مفتوح درآخرش پیوند دچوں مُسْلِمُوْنَ وَمُسْلِمِيْنَ وجمع مونث آنست که الفی باتای بآخرش پیوند دچوں مُسْلِمَاتٌ

৩। যে اسم এর واحد এর মধ্যে কোন ধরনের পরিবর্তনের কারণে দুয়ের অধিক বুঝায় তাকে جمع বলে।

উক্ত পরিবর্তনটি প্রকাশ্য হতে পারে। যথা- رَجُلٌ হতে رِجَالٌ-অথবা উহ্য হতে পারে। যথা- فُلْكٌ এর جمع ও فُلْكٌ - واحد এর সময় فُلْكٌ এবং جمع এর সময় اُسْدٌ এর ওযনে হবে। اَسَدٌ এর جمع - اُسْدٌ অর্থ সিংহ।

جمع এর শাব্দিক প্রকারভেদ ঃ শব্দের দিক দিয়ে جمع দু' প্রকার جمع تکسیر ও جمع تصحیح (বা سالم)।

جمع تکسیر এর সংজ্ঞা ঃ (تکسیر অর্থ ভেঙ্গে ফেলা, পরিভাষায়) যে جمع এর মধ্যে واحد এর ওযন ঠিক থাকে না তাকে جمع تکسیر বলে। যথা- رِجَالٌ ও مَسَاجِدُ - ثلاثی (তিন অক্ষর বিশিষ্ট) শব্দের ক্ষেত্রে جمع تکسیر এর নির্দিষ্ট কোন নিয়ম বা ওযন নেই। বরং আরবী ভাষীদের থেকে শ্রবনের উপরই নির্ভর, তবে خماسی ও رباعی (চার ও পাঁচ অক্ষর বিশিষ্ট) শব্দের جمع - فَعَالِلُ এর ওযনে আসে। যথা- جَعْفَرٌ এর جمع - جَعَافِرُ এবং جَحْمَرِشٌ এর جمع হল جَحَامِرُ - خماسی এর মধ্যে পঞ্চম অক্ষর বিলুপ্ত হয়ে যায়।

جمع تصحیح এর সংজ্ঞা ঃ تصحیح অর্থ ঠিক রাখা। পরিভাষায়– যে جمع এর মধ্যে واحد এর ওযন ঠিক থাকে তাকে جمع تصحیح বা جمع سالم বলে।

جمع تصحیح (বা سالم) আবার দু' প্রকার- مؤنث ও مذکر -যে جمع এর শেষে واو এর ডানে পেশ বা ء یا এর ডানে যের এবং যবর যুক্ত নূন থাকে তাকে مذکر تصحیح (বা سالم) বলে। যথা- مُسْلِمِيْنَ ও مُسْلِمُوْنَ । আর শেষে ات যোগে যে جمع হয় তাকে مؤنث تصحیح বা سالم বলে। যথা- مُسْلِمَاتٌ -

بدانکه جمع باعتبار معنی بردو نوع است جمع قلت وجمع کثرت ـ جمع قلت آنست که بر کم ازده اطلاق کنند وآنرا چهار بنا ست اَفْعُلٌ مثل اَکْلُبٌ وَاَفْعَالٌ چوں اَقْوَالٌ وَاَفْعِلَةٌ مثل اَعْوِنَةٌ وفِعْلَةٌ چوں غِلْمَةٌ ودو جمع تصحیح بے الف ولام یعنی مُسْلِمُوْنَ ومُسْلِمَاتٌ وجمع کثرت آن ست که برده وبیشتر ازده اطلاق کنند وابنیئهٔ آں هر چه غیرازیں شش بناست ـ

অর্থের দিক দিয়ে جمع এর প্রকারভেদ ঃ অর্থের দিক দিয়ে جمع দু' প্রকার। - جمع كثرت ও جمع قلت

সংজ্ঞা ঃ যে جمع তিন হতে দশের নিম্নে বুঝায় তাকে جمع قلت বলে। এর মূল ওযন চারটি– ১। اَفْعُلٌ যথা- اَكْلُبٌ ২। اَفْعَالٌ - যথা اَقْوَالٌ ৩। اَفْعِلَةٌ যথা- اَعْوِنَةٌ (عُنْوَانٌ এর বহুঃ) ও ৪। فِعْلَةٌ - যথা- غِلْمَةٌ (غلام এর বহুঃ) উল্লেখ্য যে جمع مونث سالم ও جمع مذكر سالم এর শুরুতে যদি الف لام না থাকে তাহলে তা جمع قلت তথা দশের কম সংখ্যক বুঝায়।

جمع كثرت - যে جمع দশ ও ততোধিক সংখ্যক বুঝায় তাকে جمع كثرت বলে। جمع كثرت এর নির্দিষ্ট কোন ওযন নেই বরং جمع قلت এর ওযন ছাড়া বাকী সবই جمع كثرت

চিত্রে اسم এর প্রকারভেদ



অনুশীলনী

১। معرفه কাকে বলে এবং তা কত প্রকার ও কি কি?

২। লিঙ্গ ভেদে اسم কত প্রকার এবং মুয়ান্নাছের আলামত কি কি বল।

৩। جمع تكسير বানানোর নিয়ম এবং جمع قلت এর ওযন সমূহ বর্ণনা কর।

৪। নিম্নের শব্দ গুলোর মধ্যে معرفه -نكره - مذكر - مونث ও جمع হলে কোন্ প্রকারের جمع বর্ণনা কর-

صَالِحَاتٌ - اَلصَّائِمَةُ - رِجَالٌ - غِلْمَانُهٗ - دَجَاجَةٌ - اَعْمَالٌ - اُولَائِكَ الْخُدَّامُ-هٰذِهٖ اِمْرَاَتُهٗ

فصل بدانکه اعراب اسم سه است رفع ونصب وجر اسم مُتَمَكِّن باعتبار وجوهِ اعراب برشانزده قسم است اول مفرد منصرف صحیح چون زید دوم مفرد منصرف جاری مجرای صحیح چون دَلْوٌ سوم جمع مُكَسَّر منصرف چون رِجَالٌ رفع شاں بضمه باشد ونصب بفتح وجر بکسره چون جَاءَنِیْ زَیْدٌ وَدَلْوٌ وَرِجَالٌ وَرَأَیْتُ زَیْدًا وَ دَلْوًا وَرِجَالًا وَمَرَرْتُ بِزَیْدٍ وَدَلْوٍ وَرِجَالٍ

দশম পাঠ - [اعراب اسم معرب এর প্রসঙ্গ]

اسم এর اعراب তিনটি ১। رفع ২। نصب ও ৩। جر -

اسم مُتَمَكِّن এর اعراب এর দিক দিয়ে মোট ১৬ প্রকার।

১। مفرد منصرف صحیح যথা- زَیْدٌ

২। مفرد منصرف جاری مَجْرَایُ صحیح যথা- دَلْوٌ *

৩। جمع مُكَسَّر مُنصرف যথা- رِجَالٌ -

